

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪২৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৪৬]

১০. কিতাবুল আযান (کتاب الأذان)

পরিচ্ছেদঃ মুক্তাদী নামাযে ইমামের দিকে তাকাতে পারবে

باب رَفْعِ الْبَصرِ إِلَى الإِمَامِ فِي الصَّلاَةِ

আরবী

الله عَنْ خَبَّابٍ: قِيْلَ لَهُ: أَكَانَ رَسُولُ اللهِ يَقْرَأُ فِي الظُّهْرِ وَالْعَصْرِ؟ قَالَ: نَعَمْ. قيل له: بِمَ كُنْتُمْ تَعْرِفُونَ ذَاكَ؟ قَالَ: بِإضْطِرَابِ لِحْيَتِهِ

বাংলা

8২৫) খাব্বাব (রাঃ) হতে বর্ণিত আছে, একদা তাঁকে বলা হলোঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি যোহর ও আসর নামাযে কিছু পাঠ করতেন? তিনি বললেনঃ হ্যাঁ, তাকে বলা হলঃ আপনারা কিভাবে তা বুঝতে পারতেন? তিনি বললেনঃ তাঁর দাড়ি মোবারক নড়াচড়ার মাধ্যমে।

টিকাঃ এ হাদীছ থেকে জানা গেল যে, নিরবে পড়া অর্থ মনে মনে পড়া নয়। শুধু মনে মনে কল্পনা করলে হবেনা; বরং এমনভাবে পড়তে হবে, যাতে মুখ ও দাড়ি নড়াচড়া করে। তবে উঁচু আওয়াজ হবেনা। অন্য হাদীছে রয়েছে যোহর ও আসরের নামাযে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাঝে মাঝে দু'এক আয়াত শুনাতেন। আল্লাহই ভাল জানেন।

English

To cast a look at the Imam during As-Salat (the prayer)

Narrated Khabbab:

Once he was asked whether Allah's Messenger () used to recite (the Qur'an) in the Zuhr and the `Asr prayers. He replied in the affirmative. We said, "How did you come to know about it?" He said, "By the movement of his beard."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ খাব্বাব ইবনুল আরাত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন